

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৪৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ যাদেরকে আল্লাহবিমুখ ব্যক্তিদের পথ থেকে হেফাযত করেছেন, তাদের জন্য আবশ্যিক হলো এজন্য মহান আল্লাহর প্রশংসা করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْحَمْدِ لِلَّهِ عَلَى عِصْمَتِهِ إِيَّاهُ عَمَّا خَرَجَ إِلَيْهِ مِنْ حَادِّ عَنْهُ

আরবী

845 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: كَذَّبَنِي عَبْدِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ وَشَتَمَنِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ تَكْذِيبِي أَنْ يَقُولَ: أَنِّي يُعِيدُنَا كَمَا بَدَأْنَا وَأَمَّا شَتْمُهُ إِيَّايَ أَنْ يَقُولَ: اتَّخَذَ اللَّهُ وَلَدًا وَإِنِّي الصَّمَدُ الَّذِي لَمْ أَلِدْ وَلَمْ أُولَدْ وَلَمْ يَكُنْ لِي كُفُوًا أَحَدٌ) الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 845 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৪৫. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মহান আল্লাহ তাবারাকা ওয়া তা‘আলা বলেছেন, “আমার বান্দা আমাকে মিথ্যা প্রতিপন্ন করে, অথচ এমন করা তার অধিকার নেই। সে আমাকে গালমন্দ করে অথচ এমনটা করা তার অধিকার নেই। সে আমাকে মিথ্যা প্রতিপন্ন করে এই বলে যে, কিভাবে তিনি আমাদের পুনরায় সৃষ্টি করবেন, যেভাবে আমরা প্রথমবার সৃষ্টি করেছি। আর সে আমাকে গালমন্দ করে এই বলে যে, “আল্লাহ সন্তান গ্রহণ করেছেন!” অথচ আমি কারো প্রতি মুখাপেক্ষী নই; সবাই আমার প্রতি মুখাপেক্ষী, আমি কাউকে জন্ম দেইনি আর আমাকেও জন্ম দেওয়া হয়নি এবং আমার সমতুল্য কেউ নেই।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩১৯৩; নাসাঈ: ৪/১১২; মুসনাদ আহমাদ: ২/৩৫০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৮৪৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89348>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন